

# একাত্তরের স্বাধীনতা

কাইউম পারভেজ



এ এক অদ্ভুত স্বাধীনতা আমার  
বিয়াল্লিশ বছর পরও  
ডান বাম দেখে 'জয় বাংলা' ধ্বনি  
সশব্দে করতে হয় উচ্চারণ।

জয়পুরহাট, সুন্দরগঞ্জ, বিবিরহাট, বাবুরগঞ্জ  
সর্বত্র স্বাধীনতার মানুষগুলো  
পালিয়ে গেলো, ভিটেছাড়া হলো  
নির্মমতায় প্রাণে মারা গেলো।  
স্বাধীনতা বিরোধী জানোয়ার গুলোর উন্মাদনায়।

সেই রুস্তম শেখ, সকিনা বিবি  
সেই হরিদাসী, কেষ্টদাস -  
সেই সগীর আলী মতলব মিয়ারা  
আবারো আক্রান্ত।  
পালিয়ে বেড়ায় এ প্রান্ত থেকে ঐ প্রান্ত।

জানোয়ার গুলোর ডিম ছানাপোনা  
আরো ভয়ংকর। আরো উন্মাদনায় তারা।  
বিয়াল্লিশ বছরে সেই একই চেহারায়  
তখন যেমন - এখনো ঠিক তেমন।

শুধু আমরাই কেবল বদলে গেলাম।  
ওদের বদলাতে আমরাই বদলে গেলাম।  
বিভক্তির রেখায় আঁকাআঁকি সেরে  
আমাদের নেই কোন জ্যামিতিক সংজ্ঞা আজ।

স্বাধীনতার প্রজন্মেরা এবার ধরেছে হাল।  
বাতিঘর ঐ দেখা যায়, ঐ দেখা যায় বাতিঘর।  
যারা স্বাধীনতা মানে না - তারা রাষ্ট্রের জঞ্জাল।  
উপড়ে ফেলো উপড়ে ফেলো নষ্ট কোর না কাল।

লাগে লাগুক আরো দুই চার ছয়  
হুগা মাস বা বছর  
যে ঝড় উঠেছে, যে শেকড় নড়েছে  
বিয়াল্লিশ বছর পর।  
এবার উপড়ে ফেলো উপড়ে ফেলো  
নষ্ট কোর না কাল।

ঝড় শেষে মুক্ত হবে বিদগ্ধ স্বাধীনতা  
বীরের রক্তে অর্জিত আমার -  
সেই একাত্তরের স্বাধীনতা।